নতুন নির্বাচন দেয়ার দাবি মির্জা ফখরুলের

সব রাজবন্দির মুক্তি দিয়ে সরকারের কাছে নতুন নির্বাচন দেয়ার দাবি জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার সকালে সংসদ ভবনের চন্দ্রিমা উদ্যানে সাবেক রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের মাজার জিয়ারত শেষে তিনি এ কথা বলেন। এ সময় দলীয় নেতাকর্মীরা তার সঙ্গে ছিলেন।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, যিনি সারাটা জীবন গণতন্ত্রের জন্য সংগ্রাম করেছেন, সেই বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে আজ মিথ্যা বানোয়াট মামলায় দণ্ড দিয়ে বন্দি করে রাখা হয়েছে। আমরা তার মুক্তি দাবি করছি।

তিনি বলেন, সরকারের কাছে জোর দাবি করছি- সব রাজবন্দির মুক্তি দিয়ে দেশে গণতান্ত্রিক পরিবেশ আনুন। একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন দিন। মানুষের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দিন। না হয় জনগণ আপনাদের ক্ষমা করবে না।